**AHSAN KAMAL SADEQ & CO.**

**Chartered Accountants**

Dhaka Trade Centre,99, Kazi Nazrul islam Avenue,Kawran Bazar,Dhaka-1215.


# নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদন

বরাবর
চেয়ারম্যান
**৯ নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ**
(এলজিডি আইডি নং ৫০৯৫৪৬৬ )
উপজেলা ঃ লালমোহন।
জেলা ঃ ভোলা।

আমরা এতদসঙ্গে সংযুক্ত আর্থিক বিবরনী নিরীক্ষা করেছি, যার মধ্যে রয়েছে ৩০ শে জুন ২০১৬ তে সমাপ্ত অর্থ বছরে **৯ নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ** প্রাপ্তি ও ব্যয় বিবরণী, হিসাব সংক্রান্ত গুরুত্বপূর্ণ পদ্ধতির সারমর্ম ও অন্যান্য ব্যাখ্যায়িত তথ্য অন্তর্ভূক্ত। এ আর্থিক বিবরণীটি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের শর্ত মোতাবেক প্রস্তুত করার দায় দায়িত্ব ইউনিয়ন পরিষদের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের । আমরা ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল' এর সাথে ইউনিয়ন পরিষদেও কার্যক্রমের সম্মতিমূলক নিরীক্ষা সম্পন্ন করেছি।

## ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ঃ

ইউনিয়ন পরিষদের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব হচ্ছে এই আর্থিক বিবরনী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯, ইউনিয়ন পরিষদ (সংশোধন) আইন ২০১০ ও নিয়ম অনুসারে তৈরি করা এবং এমন অভ্যন্তরীন নিয়ন্ত্রন ব্যবস্থা গ্রহন করা যাতে আর্থিক বিবরনী জালিয়াতি বা ক্রটির কারনে সৃষ্ট বস্তুগত ভুল না থাকে। ইউনিয়ন পরিষদের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আরো দায়িত্ব হচ্ছে ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল' এর সকল শর্তাবলীর সাথে সম্মতি রেখে কার্যক্রম পরিচালনা করা।

## নিরীক্ষকের দায়িত্বঃ

আমাদের দায়িত্ব হচ্ছে নিরীক্ষা র ভিত্তিতে আর্থিক বিবরণীর উপর এবং ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল'-এর সাথে ইউনিয়ন পরিষদের কার্যক্রমের সম্মতির উপর মতামত প্রদান করা । আমরা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অন অডিটিং (ইধহমষধফবংয ঝঃধহফধৎফং ড়হ অঁফরঃরহম) এর আলোকে ও নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের শর্ত মোতাবেক নিরীক্ষা কাজ পরিচালনা করেছি। আর্থিক বিবরণীসমূহ বস্তুগত ভুল ও ত্র্শ্টিমুক্ত এই বিষয়ে যুক্তিসঙ্গত আশ্বাস প্রাপ্তির নিমিত্তে আমাদের উপরোক্ত স্টান্ডার্ডস সমূহের আলোকে নৈতিকতা অনুসরন, যথাযথ পরিকল্পনা গ্রহণ এবং তার ভিত্তিতে নিরীক্ষা কাজ পরিচালনা আবশ্যকতা রয়েছে।

আর্থিক প্রতিবেদন ও সংশ্লিষ্ট বিবরণীর উপর নিরীক্ষা র সমর্থনে প্রামান্য কাগজপত্র সংগ্রহ করার জন্য একটি নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। নির্বাচিত নিরীক্ষা প্রক্রিয়া নির্ভর করে নিরীক্ষকের বিবেচনা ও আর্থিক বিবরনী জালিয়াতি বা ক্রটির কারনে সৃষ্ট বস্তুগত ভুল থাকার ঝুঁকির পরিমান বিশে-ষনের উপর। ঐ সকল ঝুঁকি বিশ্লেষনে নিরীক্ষক ইউনিয়ন পরিষদের অভ্যন্তরীন নিয়ন্ত্রন ব্যবস্থা বিবেচনা করেন এবং ঐ পরিস্থিতিতে উপযুক্ত নিরীক্ষা কার্যাবলীর রূপ রেখা প্রণয়ন করেন। কিন্তু ইউনিয়ন পরিষদের অভ্যন্তরীন নিয়ন্ত্রন ব্যবস্থার যথার্থতার উপর মতামত প্রদান করেন না। নিরীক্ষা কার্যে আরও অন্তর্ভূক্ত থাকে যথাযথ হিসাব নীতির ব্যবহার এবং ব্যবস্থাপনা কর্তৃক নির্ধারিত হিসাব প্রাক্কলন এবং সর্বোপরি উপস্থাপিত আর্থিক প্রতিবেদন মূল্যায়ন।

আমরা বিশ্বাস করি যে, আমরা যে সব নিরীক্ষা প্রমাণ পত্র পেয়েছি তা আমাদের শর্তযুক্ত নিরীক্ষা মতামতের জন্য যথেষ্ট এবং একটি উপযুক্ত ভিত্তি প্রদান করে।

## শর্তযুক্ত মতামতের ভিত্তিঃ

১. ইউনিয়ন পরিষদে ওয়ার্ড পর্যায়ে প্রত্যেক ওয়ার্ডে ২ টা করে ওয়ার্ড সভা করার কথা থাকলেও করা হয়নি।
২. ওয়ার্ড সভার মন্তব্য বহিতে শবুতে প্রত্যয়ন পত্র নেই এবং ওয়ার্ড সভার মন্তব্য বহিতে অনেক নাম থাকলেও কিছু কিছু নামে স্বাক্ষর নাই।
৩. ১% এর প্রকল্পের টাকা ক্যাশ চেকে প্রদান করা হয়েছে।
৪. এলজিএসপি প্রকল্পের ফাইলে কিছু কিছু ক্ষেত্রে স্বাক্ষরের তারিখ নেই।
৫. ঠিকাদার প্রতিষ্টানের খরচ, বিল ভাউচারের জন্য নিজস্ব কোন প্যাড ব্যবহার করেনি।

**AHSAN KAMAL SADEQ & CO.**
**Chartered Accountants**
Dhaka Trade Centre,99, Kazi Nazrul islam Avenue,Kawran Bazar,Dhaka-1215.

৬. ইউনিয়ন পরিষদের রাজস্ব আদায় উন্নয়নের জন্য প্রতিটি ওয়ার্ডে পর্যায়ে একটি রাজস্ব আদায় কমিটি গঠন করা হয়নি।
৭. মাটির কাজের প্রকল্পে ডিজিটাল সাইন বোর্ড ব্যবহার করা হয়েছে।
৮. ১%, টি আর কাবিখা অতিদরিদ্র প্রকল্পে সাইনবোর্ড নাই।
৯. ২০১৫-২০১৬ ইং অর্থ বছরের প্রকল্প ব্যয়ের বাড়তি ভ্যাট বাবদ ৪০০০ টাকা এবং ট্রেড লাইসেন্সে ১৫% ভ্যাট বাবদ ১৭২৫ টাকা এবং আয়কর বাবদ ১৮৭০০ টাকা বকেয়া ছিল যাহা অডিট চলাকালিন সময়ের মধ্যে পরিশোধ করা হয়েছে।

**শর্তযুক্ত মতামতঃ**

আমাদের মতে, পূর্ববর্তী অনুচ্ছেদে বর্ণিত শর্তযুক্ত মতামতের ভিত্তিতে সকল বস্তুগত বিচারে ইউনিয়ন পরিষদের ৩০ শে জুন, ২০১৬ ইং তে সমাপ্ত অর্থ বছরের প্রাপ্তি ও ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ ও ইউনিয়ন পরিষদ (সংশোধন) আইন, ২০১০ ও নিয়ম অনুসারে উপস্থাপিত হয়েছে এবং কার্যক্রম ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল'- এর সাথে সঙ্গতিপূর্ণ ।

আহছান কামাল সাদেক এন্ড কোং
চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস্

তারিখঃ ঢাকা
৩১মে, ২০১৭ ইং

## AHSAN KAMAL SADEQ & CO.

Chartered Accountants

Dhaka Trade Cenre, 99, Kazi Nazrul Islam Avenue, Kawran Bazar, Dhaka-1215

### বাৎসরিক আর্থিক বিবরণী

৯নং লর্ডহার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ (এলজিডি আইডি নং- ৫০৯৫৪৬৬ ) উপজেলাঃ লালমোহন, জেলা ঃ ভোলা।

অর্থ বছরঃ ২০১৫-২০১৬ইং

| বিবরন | টীকা | অর্থ বৎসর ২০১৫-২০১৬ | | | পূর্ববর্তী অর্থ বৎসর ২০১৪-২০১৫ টাকা |
|---|---|---|---|---|---|
| | | নিজস্ব তহবিল | উন্নয়ন তহবিল | মোট টাকা | |
| প্রাপ্তিঃ | | | | | |
| বৎসরের প্রারম্ভিক জেরঃ | | | | | |
| ব্যাংক | | ৭,৩২৬ | ১,৭৭১ | ৯,০৯৭ | ১৭২,৭৮৭ |
| নগদ | | ৪৮০ | | ৪৮০ | ৪৫০ |
| কর ও রেট | ৩ | ১৩০,৫৫০ | - | ১৩০,৫৫০ | ১০৯,৬০০ |
| ইজারা | ৪ | ৯,০০০ | - | ৯,০০০ | ১৭,১২৫ |
| যানবাহন (মটরযান ব্যতীত) | | - | | - | |
| নিবন্ধন কর | | - | | - | |
| লাইসেন্স ও পারমিট ফি | | ১১,৫০০ | - | ১১,৫০০ | ১৭,৮৫০ |
| সম্পত্তির ভাড়া ও লাভজনিত ফি | | ৬,০০০ | | ৬,০০০ | |
| জন্মনিবন্ধন ফি | | ১৮,৫৬০ | | ১৮,৫৬০ | |
| সরকারী অনুদান-ভূমি হস্তান্তর কর (১%) | ৫ | - | ২০০,০০০ | ২০০,০০০ | ৩০০,০০০ |
| সরকারী অনুদান-সংস্থাপন | ৬ | - | ৪৮৭,৮৭৬ | ৪৮৭,৮৭৬ | ৪২৫,৮৫২ |
| সরকারী অনুদান-উন্নয়ন | ৭ | - | ১১,৯১৬,৭৬১ | ১১,৯১৬,৭৬১ | ১৩,২৬৩,০০৪ |
| স্থানীয় সরকার-জেলা পরিষদ অনুদান | ৮ | - | - | - | - |
| স্থানীয় সরকার-উপজেলা পরিষদ অনুদান | ৯ | - | - | | - |
| এলজিএসপির ফান্ড ফেরত হইতে প্রাপ্তি | ১০ | - | - | - | ৫০৫,০০০ |
| অন্যান্য ফান্ড ফেরত হইতে প্রাপ্তি | ১১ | - | - | - | - |
| অন্যান্য প্রাপ্তি | ১২ | ২৫৬ | ৩৪,০০৫,৩১০ | ৩৪,০০৫,৫৬৬ | ১১,৪১৮,১৪৫ |
| **সর্বমোট টাকা** | | **১৮৩,৬৭২** | **৪৬,৬১১,৭১৮** | **৪৬,৭৯৫,৩৯০** | **২৬,২২৯,৮১৩** |
| ব্যয়ঃ | | | | | |
| সাধারণ সংস্থাপন | ১৩ | ১৬২,৪০০ | ৪৮৭,৮৭৬ | ৬৫০,২৭৬ | ৭০৩,৬৬২ |
| উন্নয়ন পূর্ত কাজঃ | | | | - | |
| যোগাযোগ | ১৪ | ১০,৮০০ | ৭,৩৩৪,৩৬০ | ৭,৩৪৫,১৬০ | ৬,৩৫১,৮১৩ |
| স্বাস্থ্য | ১৫ | - | ৪৮,০০০ | ৪৮,০০০ | ৫১৯,০০০ |
| পানি সরবরাহ | ১৬ | - | ২০০,০০০ | ২০০,০০০ | - |
| শিক্ষা | ১৭ | ৩,০০০ | ৪০২,০০০ | ৪০৫,০০০ | ২,২২৯,৫৭০ |
| প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা | ১৮ | - | - | - | - |
| কৃষি এবং বাজার | ১৯ | - | - | - | ৭০৫,৬০০ |
| পয়ঃনিষ্কাশন এবং বর্জ্য ব্যবস্থাপনা | ২০ | - | - | - | ২৯৯,১০০ |
| মানব সম্পদ উন্নয়ন | ২১ | - | - | - | ৩,৫০৩,২৪২ |
| অন্যান্য | ২২ | - | ৩৭,০৭১,৬৬৫ | ৩৭,০৭১,৬৬৫ | ১১,৪১৮,১৪৫ |
| এলজিএসপির ফান্ড ফেরত হইতে ব্যয় | ২৩ | - | - | - | ৪৪৫,০০০ |
| অন্যান্য ফান্ড ফেরত হইতে ব্যয় | ২৪ | - | - | - | - |
| মোট | | ১৩,৮৫০ | ৪৫,০৫৬,০২৫ | ৪৫,০৬৯,৮২৫ | ২৫,৪৭১,৪৭০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিবিধঃ | | | | | |
| অডিট | | | | - | |
| অন্যান্য | ২৫ | ৭৩০ | ১,৮১৫ | ২,৫৪৫ | ৪৫,১০৪ |
| অগ্রীম | ২৬ | - | - | - | - |
| মোট | | ৭৩০ | ১,৮১৫ | ২,৫৪৫ | ৪৫,১০৪ |
| সমাপনী জের ছাড়া মোট খরচ | | ১৭৬,৯৩০ | ৪৫,৫৪৫,৭১৬ | ৪৫,৭২২,৬৪৬ | ২৬,২২০,২৩৬ |
| সমাপনী জেরঃ | ২৭ | | | | |
| ব্যাংক | | ৬,৬৪৬ | ১,০৬৬,০০২ | ১,০৭২,৬৪৮ | ৯,০৯৭ |
| নগদ | | ৯৬ | | ৯৬ | ৪৮০ |
| সর্বমোট টাকা | | ১৮৩,৬৭২ | ৪৬,৬১১,৭১৮ | ৪৬,৭৯৫,৩৯০ | ২৬,২২৯,৮১৩ |

উল্লেখ্য যে, নগদ প্রাপ্তি ও পরিশোধ হিসাব সংযোজিত টীকায় উল্লেখিত আর্থিক তথ্যসহ পড়তে হবে।

সেক্রেটারী স্বাক্ষর মহিলা সদস্য স্বাক্ষর চেয়ারম্যানের স্বাক্ষর

একই তারিখের আমাদের পৃথক প্রতিবেদন সাপেক্ষে স্বাক্ষরিত।

আহছান কামাল সাদেক এন্ড কোং

চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস্

তারিখঃ ঢাকা

৩১মে, ২০১৭ ইং

AHSAN KAMAL SADEQ & CO.

Chartered Accountants

# AHSAN KAMAL SADEQ & CO.
**Chartered Accountants**
Dhaka Trade Centre,99, Kazi Nazrul islam Avenue,Kawran Bazar,Dhaka-1215.


তারিখ ঃ ৩১মে, ২০১৭ ইং

বরাবর
চেয়ারম্যান

৯ নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ
(এলজিডি আইডি নংঃ ৫০৯৫৪৬৬)
উপজেলা ঃ লালমোহন।
জেলা ঃ ভোলা।

**বিষয় ঃ ৯নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদের ৩০ শে জুন, ২০১৬ সমাপ্ত বছরের হিসাব নিরীক্ষার উপর পরিচালনা কর্তৃপক্ষের নিকট ব্যবস্থাপনা পত্র।**

প্রিয় মহোদয়,

৩০শে জুন, ২০১৬ সমাপ্ত বছরের ৯নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদের নগদ প্রাপ্তি ও ব্যয় বিবরণী আমরা নিরীক্ষা করেছি এবং আমাদের নিরীক্ষিত বিবরণীটি আলাদাভাবে ৩০ এপ্রিল, ২০১৭ ইং তারিখে দাখিল করেছি।
৯নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদের হিসাব সংক্রান্তরেকর্ডের যথাযথ সংরক্ষণ এবং হিসাব প্রণয়ণের দায়িত্ব এর পরিচালনা কর্তৃপক্ষের। পরিষদের সম্পদের নিরাপত্তা এবং অনিয়ম ও প্রতারণা রোধ ও উদঘাটনের উপযোগী পর্যাপ্ত হিসাব সংক্রান্তরেকর্ড ও পদ্ধতি সম্বলিত উপযুক্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা ও তা সংরক্ষণ করা ও পরিচালনা কর্তৃপক্ষের দায়িত্ব।

আপনার ইউনিয়ন পরিষদের কেবল যে সব নিয়ন্ত্রণ ও পদ্ধতিকে আমাদের নিরীক্ষার ধরন নিরূপনের জন্য প্রয়োজন মনে করেছি, আমরা শুধু সে সব নিয়ন্ত্রণ ও পদ্ধতিকে আমাদের নিরীক্ষায় পর্যালোচনা করেছি। সুতরাং নিয়ন্ত্রণ সংক্রান্তবিদ্যমান সমূদয় দূর্বলতা আমাদের নিরীক্ষায় ধরা নাও পড়তে পারে এবং সেগুলো উদঘাটনের জন্য আমাদের নিরীক্ষার উপর নির্ভর করা উচিত নয়। এছাড়া ও আত্মসাৎ কিংবা অন্যান্য অনিয়ম উদঘাটনের জন্য আমাদের প্রতিবেদনের উপর নির্ভর করা ঠিক হবেনা যদিও আমরা যে পরীক্ষামূলক যাচাই করেছি তার ফলশ্রুতিতে আত্মসাৎ কিংবা অন্যান্য অনিয়ম থেকে থাকলে তা উদঘাটনের সম্ভাবনা রয়েছে।

বিদ্যমান অবস্থায় নমুনা হিসাবে আমরা হিসাব পদ্ধতি ও রেকর্ড পত্রাদি যেগুলোকে আমরা প্রয়োজন মনে করেছি সেগুলো আমাদের নিরীক্ষায় অন্তর্ভূক্ত করেছি। আমাদের নিরীক্ষা পর্যবেক্ষণ এবং মতামতের আলোকে নিরীক্ষাকালীন সময়ে আমরা যে কয়টি বিষয় পর্যবেক্ষণ করেছি সেগুলো আপনার দৃষ্টিগোচর করা বাঞ্ছনীয় মনে করছি।

সুপারিশ ও পরিচালনা কর্তৃপক্ষের প্রতিক্রিয়াসহ আমাদের পর্যবেক্ষণ পরবর্তী পৃষ্ঠায় প্রদান করা হলো।

AHSAN KAMAL SADEQ & CO. Chartered Accountants

**AHSAN KAMAL SADEQ & CO.**
**Chartered Accountants**
Dhaka Trade Centre,99, Kazi Nazrul islam Avenue,Kawran Bazar,Dhaka-1215.

৯ নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ
(এলজিডি আইডি নংঃ ৫০৯৫৪৬৬)
উপজেলা ঃ লালমোহন।
জেলা ঃ ভোলা।

**অধ্যায় ১ ঃ মাঠ পর্যায় কাজের বিস্তারিত বিবরণ**

১.১ঃ নিরীক্ষা কাজের জন্য আমাদের নিম্নবর্নিত প্রতিনিধিগণ আপনার ইউনিয়ন পরিষদে নিয়োজিত ছিলেন ঃ

| | প্রতিনিধির নাম | পদবী | অভিজ্ঞতা | নিরীক্ষা কালীন সময় |
|---|---|---|---|---|
| ১। | সজিব সাহা | অডিট ম্যানেজার | ২.৫ বছরের অধিক | ১৩.০৩.২০১৭ হইতে ১৬.০৩.২০১৭ পর্যন্ত। |
| ২। | মোঃ নাজিম উদ্দিন | অডিটর -১ | ১.৫ বছরের অধিক | |
| ৩। | মোঃ আশফাক সাকি | অডিটর -২ | ৬ মাসের অধিক | |

১.২ নিরীক্ষার নমুনার পরিমাণ ঃ

| বিবরণ | ভাউচার/প্রকল্পের সংখ্যা | | পরীক্ষিত/পরিদর্শিত সংখ্যা | | পরীক্ষন/ পরিদর্শনের হার | |
|---|---|---|---|---|---|---|
| | ভাউচার | প্রকল্প | পরীক্ষিত | পরিদর্শিত | পরীক্ষন (%) | পরিদর্শন (%) |
| নমুনার ভিত্তিতে নিরীক্ষা | ৩২ | ১৫ | ২৯ | ১০ | ৯০.৬২% | ৬৬.৬৬% |

১.৩ উক্ত ইউনিয়ন পরিষদে বাস্তবায়িত এলজিএ পি:২ প্রকল্প নিরীক্ষক কর্তৃক নমুনা ভিত্তিতে সরেজমিনে পরিদর্শনের তালিকা এবং পর্যবেক্ষন নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | নিরিক্ষক কর্তৃক সরেজমিনে পরিদর্শন প্রকল্প তালিকা | বরাদ্দ | তহবিলের উৎস | বাস্তবায়িত প্রকল্প সর্ম্পকে নিরীক্ষকের পর্যবেক্ষন সমূহ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | দঃ পঃ অন্নদাপ্রসাদ সঃ প্রাঃ বিদ্যালয়ে বারান্দা নির্মান | ৭০,০০০/- | এলজিএসপি | সরজমিনে প্রকল্পটি পরিদর্শন করা হয়েছে প্রকল্প বাস্তায়নের নিশ্চয়তা নিরূপন করা যায় | |
| ২ | পঃ সৈয়দাবাদ লোকমান হোসেন মিয়ার বাড়ী সংলগ্ন গভীর নলকূপ স্থাপন। | ১০০,০০০/- | এলজিএসপি | সরজমিনে প্রকল্পটি পরিদর্শন করা হয়েছে এবং নলকূপের অস্তিত্ব বিদ্যামান। | উক্ত নলকূপের পানিতে আয়রনের ও লবনাক্ত কোন প্রকার এর নমুনা পাওয়া য়ায়নি। |
| ৩ | লর্ডহার্ডিঞ্জ জসিম উদ্দিন এর বাড়ী সংলগ্ন গভীর নলকূপ স্থাপন। | ১০০,০০০/- | এলজিএসপি | সরজমিনে প্রকল্পটি পরিদর্শন করা হয়েছে এবং নলকূপের অস্তিত্ব বিদ্যামান। | উক্ত নলকূপের পানিতে আয়রনের ও লবনাক্ত কোন প্রকার এর নমুনা পাওয়া য়ায়নি |
| ৪ | পঃ সৈয়দাবাদ হাবিবউল্ল্যাহ বাড়ী সংলগ্ন গণ গভীর নলকূপ স্থাপন। | ১০০,০০০/- | এলজিএসপি | সরজমিনে প্রকল্পটি পরিদর্শন করা হয়েছে এবং নলকূপের অস্তিত্ব বিদ্যামান। | উক্ত নলকূপের পানিতে আয়রনের ও লবনাক্ত কোন প্রকার এর নমুনা পাওয়া য়ায়নি |
| ৫ | মদ্রাসা বাজারের পাকা লেট্রিন মেরামত ও পুনঃ | ৪৮,০০০/- | এলজিএসপি | সরজমিনে পরিদর্শনকালে প্রকল্প বাস্তায়নের নিশ্চয়তা নিরূপন করা যায় যা মাপবই অনুযায়ী দুই ইউনিট বিশিষ্ট রুম ও | |

AHSAN KAMAL SADEQ & CO. Chartered Accountants

**AHSAN KAMAL SADEQ & CO.**
**Chartered Accountants**
Dhaka Trade Centre,99, Kazi Nazrul islam Avenue,Kawran Bazar,Dhaka-1215.


আমরা নিরীক্ষাধীন সময় চেয়ারম্যান, সদস্যবৃন্দ, মহিলা সদস্য এবং সচিবদের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেছি। উক্ত মতবিনিময়ের প্রেক্ষিতে প্রতীয়মান হয় যে, চেয়ারম্যান, সদস্যবৃন্দ, মহিলা সদস্য এবং সচিবদের প্রত্যেকের স্ব-স্ব বিষয়ে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করা উচিত।

**অধ্যায় ৫ ঃ উপসংহার**

নিরীক্ষার সময় ইউনিয়ন পরিষদের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং কর্মচারীগণ আমাদের যে সহযোগিতা ও সহায়তা প্রদান করেছেন তার জন্য আমরা তাদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

আপনাকে ধন্যবাদ,

আপনার বিশ্বস্ত

**মোঃ ফকরুল ইসলাম এফসিএ**
আইসিএবি'র তালিকাভুক্তি নং - ৮৯০
অংশীদার, আহসান কামাল সাদেক এন্ড কোং
চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস্

তারিখঃ ৩১মে, ২০১৭ ইং
ঢাকা।

AHSAN KAMAL SADEQ & CO.
Chartered Accountants
Dhaka Trade Centre,99, Kazi Nazrul islam Avenue,Kawran Bazar,Dhaka-1215.

স্মারণী-১

## ইউপি বার্ষিক কর্মকান্ড মূল্যায়ন (২০১৫-২০১৬)

১. প্রচ্ছদ

- ☐ ইউনিয়ন পরিষদের নাম ঃ **৯ নং লর্ড হার্ডিঞ্জ ইউনিয়ন পরিষদ** (এলজিডি আইডি নং ৫০৯৫৪৬৬ )
- ☐ উপজেলার নামঃ লালমোহন।
- ☐ জেলার নাম ঃ ভোলা।
- ☐ মূল্যায়ন শুরু ও শেষ হওয়ার তারিখ ঃ ১৩.০৩.২০১৭ হইতে ১৬.০৩.২০১৭ পর্যন্ত।
- ☐ মূল্যায়ন দলের প্রধানের নাম ঃ সজিব সাহা
- ☐ মূল্যায়ন দলের সদস্যদের নাম ঃ মোঃ নাজিম উদ্দিন
- ☐ মূল্যায়ন দলের সদস্যদের ন্যম ঃ মোঃ আশফাক শাকী

২. ফলাফলের সারাংশ

☐ প্রধান ফলাফলের উপর সারাংশ ও পর্যালোচনা

১. পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার রয়েছে এবং সকল শর্ত পুরন হয়।
২. স্থায়ী সম্পদ রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
৩. নিয়মিত ব্যাংক সমম্বয় বিবরণী তৈরী ও সংরক্ষণ করা হয়নি।
৪. ইউনিয়ন পরিষদের সভার কার্যবিবরনীর কপি নোটিশ বোর্ডে টানিয়ে রাখা হয়েছে।

☐ কর্মকান্ডের উপর স্কোরের ফলাফল, মূল সেট ১২ টি নির্দেশকের উপর মোট স্কোর = ২১

☐ অন্যান্য বিষয়- বিভিন্ন খাতে ইউনিয়ন পরিষদ যে সব চ্যালেঞ্জ মোকাবেলা করে তা-সহ

১. ইউপি সদস্য ও সচিবের প্রশিক্ষণের অভাব।
২. প্রয়োজনীয় লোকবলের অভাব।
৩. জনসচেতনতার অভাব।
৪. প্রাপ্ত বরাদ্দের যথোপযুক্ত ব্যবহারের জন্য কার্যকরী পরিকল্পনা প্রণয়ন।
৫. নিজস্ব রাজস্ব আয় বৃদ্ধিকরণ।

৩. তিনটি নূন্যতম শর্তের উপর ফলাফল

☐ **তিনটি ন্যূনতম শর্তের ফলাফল উপস্থাপনা ও আলোচনা ঃ**

| ন্যূনতম শর্ত | যাচাইয়ের উপায় | পূরণ হয়েছে/হয়নি | কারণ/মতামত |
|---|---|---|---|
| নূন্যতম শর্ত ১ | অপ্রত্যাখ্যাত / অনুকূল নিরীক্ষা প্রতিবেদন | √☐ হয়েছে ☐ হয়নি | |
| নূন্যতম শর্ত ২ | অংশগ্রহণমূলক পরিকল্পনা ও উন্মুক্ত বাজেট তৈরীর প্রক্রিয়ার প্রমাণ | √☐ হয়েছে ☐ হয়নি | |
| নূন্যতম শর্ত ৩ | দ্বিবার্ষিক আর্থিক ও উন্নয়ন প্রতিবেদনের সময়ানুগ দাখিল | ☐ হয়েছে √☐ হয়নি | |

৪. কর্মকান্ড নির্দেশকের উপর সুনির্দিষ্ট ফলাফল

☐ কর্মকান্ডের নির্দেশকের উপর এবং নির্দিষ্ট নির্দেশকের জন্য স্কোরের পেছনের কারণ ব্যাখ্যাসহ একটি কলাম